



## বার্ষিক প্রতিবেদন, ২০১৬-২০১৭



প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়  
শিল্প মন্ত্রণালয়  
শিল্প ভবন, এনেক্স বিল্ডিং  
৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০  
[www.boiler.gov.bd](http://www.boiler.gov.bd)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭



প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়

(শিল্প মন্ত্রণালয়)

শিল্প ভবন, এনেক্স বিল্ডিং

৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০

[www.boiler.gov.bd](http://www.boiler.gov.bd)

টেলিফোন নম্বর : ৯৫৬৭১০৮, ৯৫৬৭৩৫৩

ই-মেইল : [infoboiler@yahoo.com](mailto:infoboiler@yahoo.com)



আমির হোসেন আমু, এম.পি  
মন্ত্রী  
শিল্প মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


## বাণী

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় এর উদ্যোগে “বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭” প্রকাশ হচ্ছে জেনে আমি আনন্দিত। এ সৃজনশীল প্রকাশনার সাথে জড়িত সকলের প্রতি আমার আন্তরিক অভিনন্দন রইল।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন ছিল ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত শিল্পসমৃদ্ধ সোনার বাংলা প্রতিষ্ঠা করা। বঙ্গবন্ধুর সে স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশ উন্নয়নের মহাসড়ক ধরে দ্রুত সমৃদ্ধির দিকে এগিয়ে চলেছে। সহশ্রাব্দের উন্নয়ন লক্ষ্য (এমডিজি) অর্জনে ঈর্ষনীয় সাফল্যের পর বাংলাদেশ এখন টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনের পথে অগ্রসর হচ্ছে। পরিবেশবান্ধব শিল্পায়নের অতীষ্ঠ লক্ষ্য অর্জনে বর্তমান সরকার শিল্প কারখানায় জিরো পল্যুশন ও জিরো এক্সিডেন্ট নীতির বাস্তবায়নে কাজ করে যাচ্ছে। শিল্প দুর্ঘটনা এড়াতে প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় বয়লার পরিদর্শন, লাইসেন্স নবায়ন, বয়লার পরিচালনার সাথে সম্পৃক্ত জনবলের প্রশিক্ষণ প্রদান, দক্ষতা বৃদ্ধিসহ নানাবিধ কর্মকাণ্ড পরিচালনা করছে। দেশে জ্ঞানভিত্তিক সবুজ শিল্পায়নের ধারা বেগবান করতে ভবিষ্যতে এ দপ্তরের কার্যক্রম আরো বেগবান করা হবে।

শিল্পায়নের সাথে সাথে দেশব্যাপী বয়লারের ব্যবহারও বাড়ছে। শিল্প কারখানায় ব্যবহৃত এসব বয়লার নিরাপদ, টেকসই, ঝুঁকিমুক্ত ও পরিবেশবান্ধব হওয়া প্রয়োজন। এ লক্ষ্যে প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়কে আরো গণমুখী ও উদ্ভাবনী হতে হবে। বয়লারজনিত যে কোনো ধরনের দুর্ঘটনা প্রতিরোধে সীমিত সম্পদ ও জনবল দিয়ে সর্বোচ্চ সেবা প্রদানের মানসিকতা নিয়ে এ দপ্তরের কর্মরতদের কাজ করতে হবে। পাশাপাশি শিল্প দুর্ঘটনারোধে শিল্প মালিক, শ্রমিক, ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট সবাইকে বয়লারের সঠিক নির্মাণ, ক্রয়, ব্যবহার ও রক্ষনাবেক্ষণ সম্পর্কে সচেতন করতে হবে। এজন্য প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় নতুন নতুন সৃজনশীল কর্মসূচি নিয়ে এগিয়ে আসবে-এটাই আমাদের প্রত্যাশা। আমি আশা করি, এ বার্ষিক প্রতিবেদন বয়লার ব্যবহারকারী ও নির্মাতাদের প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের গত এক বছরের উল্লেখযোগ্য কর্মকাণ্ড সম্পর্কে সম্যক ধারণা দেবে। এর মাধ্যমে জনগণের তথ্য প্রাপ্তির অধিকার জোরদার হবে বলে আমার বিশ্বাস।

আমি প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় প্রণীত “বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭” এর বহুল প্রচার কামনা করছি।

  
আমির হোসেন আমু, এম.পি

১০ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ  
২৫ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ



মোহাম্মদ আব্দুল্লাহ্

সচিব

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাগী


প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় কর্তৃক সম্পাদিত “বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭” প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। যার ফলে বিগত বছরের এ কার্যালয়ের কার্যক্রমের চিত্র তুলে ধরা সম্ভব হবে।

বয়লার শিল্প কারখানায় বহল ব্যবহৃত একটি গুরুত্বপূর্ণ যন্ত্র। অধিকাংশ শিল্প কারখানায় বয়লার ব্যবহৃত হয়ে থাকে, যা শিল্প কারখানার প্রাণ স্বরূপ। বর্তমানে দেশের চাহিদার উল্লেখযোগ্য সংখ্যক বয়লার স্থানীয়ভাবে তৈরি হচ্ছে। প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় বয়লারের মান নিয়ন্ত্রণের মাধ্যমে জান-মালের নিরাপত্তা নিশ্চিতকরণে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের সম্পাদিত কার্যক্রমের বিস্তারিত তথ্য এ প্রতিবেদনে প্রকাশের ফলে সংশ্লিষ্ট সকলে উপকৃত হবেন বলে আমি আশা করি।

আমি বিশ্বাস করি, এ প্রতিবেদন সংশ্লিষ্ট সকলের নিকট গুরুত্বপূর্ণ তথ্য ভান্ডার হিসেবে কাজ করবে এবং কার্যালয়ের কার্যক্রমকে আরও গতিশীল করবে।

আমি “বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭” প্রকাশনার বহল প্রচার ও সার্বিক সাফল্য কামনা করছি।

০৭ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ  
২২ আগস্ট, ২০১৭ খ্রিস্টাব্দ

  
(মোহাম্মদ আব্দুল্লাহ্)



মোহাম্মদ আব্দুল মান্নান  
প্রধান বয়লার পরিদর্শক  
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়

## বাণী


প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় কর্তৃক ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের মাধ্যমে সংশ্লিষ্ট সকলে প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের সেবা ও কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারবেন। এ প্রতিবেদনের মাধ্যমে বাংলাদেশে বয়লার নির্মাণ, নিবন্ধন ও নবায়নের সংখ্যা সহ অর্থিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত ধারণা পাওয়া যাবে।

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় বয়লার আইন ১৯২৩ এর আওতায় প্রণীত বয়লার রুলস ১৯৬১, বয়লার পরিচারক বিধিমালা ১৯৫৩ ও বাংলাদেশ বয়লার রেগুলেশন ১৯৫১ এর আলোকে শিল্প কারখানায় বয়লারের নিরাপদ চালনার লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছে।

এ প্রতিবেদনে কার্যালয়ের নিয়মিত কার্যক্রম, যেমন- বয়লার রেজিস্ট্রেশন প্রদান, বয়লার চালনার সনদ প্রদান, বয়লার নির্মাণের সনদ প্রদান ও বয়লার পরিচারকদের পরীক্ষা গ্রহণ পূর্বক সনদ প্রদানের তথ্যাদিসহ সার্বিক কার্যক্রমের চিত্র তুলে ধরা হয়েছে। আশা করি, প্রতিবেদনটি বয়লারের বিষয়সহ বর্ণিত সেবাসমূহের প্রয়োজনীয় তথ্য প্রাপ্তিতে সহায়ক ভূমিকা পালন করবে।

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭ প্রকাশের বিষয়ে সহায়তা করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

২৫ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ  
১০ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

  
(মোহাম্মদ আব্দুল মান্নান)

## মুখবন্ধ

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় বয়লার আইন, ১৯২৩ এর আওতায় বিদ্যমান বিধি-প্রবিধির আলোকে শিল্প কারখানার বয়লারের নিরাপদ চালনার মাধ্যমে বয়লারের সাথে সংশ্লিষ্ট জান-মালের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উল্লেখযোগ্য অবদান রেখে আসছে।

সর্বপ্রথম ১৯২৩ সালে বয়লার আইন সমগ্র ভারত উপমহাদেশে প্রচলিত হয়। এরই ধারাবাহিকতায় ১৯২৪ সালে কলকাতায় বয়লার অধিদপ্তর স্থাপিত হয়। ১৯৪৭ সালে দেশ বিভাগের পর বয়লার অধিদপ্তর পূর্ব পাকিস্তানে স্থানান্তরিত হয়। অতঃপর ১৯৬১ সালে বয়লার অধিদপ্তর শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনে কাজ শুরু করে। বর্তমান সময় পর্যন্ত বয়লার পরিদর্শন দপ্তর শিল্প মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত হচ্ছে।

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় হতে অদ্যাবধি সারাদেশে প্রায় ১০,০০০ বয়লার রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে। যার মধ্যে প্রায় ৬,০০০ বয়লার চালু রয়েছে। প্রতি বছর এসব বয়লারের সনদপত্র নবায়ন করে বিপুল পরিমাণ রাজস্ব অর্জিত হয়। ২০০৭ সাল থেকে বয়লার রেগুলেশন সংশোধন হওয়ার ফলে বর্তমানে দেশীয়ভাবে স্বল্প চাপের মানসম্মত বয়লার তৈরী হচ্ছে। ফলে বৈদেশিক মুদ্রার সাশ্রয় হচ্ছে এবং দেশীয়ভাবে বয়লার প্রাপ্তির সহজলভ্যতার দ্বার উন্মুক্ত হয়েছে।

জনবল স্বল্পতাসহ বিভিন্ন সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় সরকারের অভিষ্ট লক্ষ্য অর্জনে নিরলস কাজ করে যাচ্ছে। অত্র দপ্তর জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও জনগণের দোরগোড়ায় তথ্য প্রাপ্তি সহজতর করার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এ প্রতিবেদনে অত্র দপ্তরের নিয়মিত কার্যক্রম যেমন- বয়লার রেজিস্ট্রেশন প্রদান, বয়লার চালনার সনদ প্রদান, বয়লার নির্মাণ সংক্রান্ত তথ্যাদি, বয়লার পরিচারকদের পরীক্ষা গ্রহণ সংক্রান্ত তথ্যাদিসহ সার্বিক কার্যক্রমের চিত্র তুলে ধরা হয়েছে।

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের ওয়েবসাইটে দপ্তরের যাবতীয় কার্যক্রমের তথ্যাবলী যেমন- প্রস্তুতকৃত চূড়ান্ত সনদের তালিকা, রেজিস্ট্রিকৃত বয়লারের তালিকা ও এ কার্যালয়ের তত্ত্বাবধানে নির্মিত বয়লারের তালিকা নিয়মিত প্রদান করা হচ্ছে। তাছাড়া ওয়েবসাইটে বয়লার নম্বর ও বয়লার পরিচারকদের সনদপত্র নম্বর ইনপুট করে বয়লারের মেয়াদ উত্তীর্ণের তারিখসহ পরিচারকদের তথ্য পাওয়া যাচ্ছে। এ কার্যালয়ে বিভিন্ন সময়ে স্টেক হোল্ডারদের সাথে সভার আয়োজন করা হয়ে থাকে। তথ্য অধিকার আইন অনুযায়ী এ কার্যালয়ে তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগ করা হয়েছে, ফলে সেবাগ্রহীতাদের তথ্য প্রাপ্তি সহজতর হয়েছে। কার্যালয়ের কার্যক্রমকে আরো বেগবান করার লক্ষ্যে এ বছরও বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হচ্ছে। এ বার্ষিক প্রতিবেদন প্রস্তুতের ক্ষেত্রে সহায়তা করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করা যাচ্ছে।

২৫ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ

১০ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ

# বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭

## প্রকাশনায়

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়

## সম্পাদনায়

১. মোহাঃ জিয়াউল হক, উপ-প্রধান বয়লার পরিদর্শক
২. মুহাম্মদ দিদারুল ইসলাম, উপ-প্রধান বয়লার পরিদর্শক
৩. মোঃ শরাফত আলী, বয়লার পরিদর্শক
৪. মোঃ হুমায়ুন কবীর, বয়লার পরিদর্শক
৫. নুরে মোহাম্মদ সরকার, বয়লার পরিদর্শক
৬. মোঃ হানিফ হোসেন, বয়লার পরিদর্শক
৭. প্রনব কুমার সরকার, বয়লার পরিদর্শক

## সার্বিক সহযোগিতায়

১. মোঃ মোশাররফ হোসেন, সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর
২. মোছাঃ ছালমা বেগম, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
৩. কাজী বিল্লাল হোসেন, বয়লার টেকনিশিয়ান
৪. নাঈম উদ্দিন, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
৫. মোঃ শাহাদত হোসেন, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
৬. মোঃ সাফিউজ্জামান, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

**\*প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত\***

## সূচীপত্র

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা নম্বর
প্রথম অধ্যায়	প্রতিষ্ঠানের পরিচিতি	৩
	১। আইন ও বিধিমালাসমূহ	৩
	২। প্রতিষ্ঠানের কার্যক্রম	৩
	৩। প্রধান বয়লার পরিদশকের কার্যকালের অন্যান্য কার্যাবলী	৪
দ্বিতীয় অধ্যায়	প্রতিষ্ঠানের বর্ণনা	৫
	১। আঞ্চলিক অফিসসমূহের ঠিকানা	৫
	২। সাংগঠনিক কাঠামো	৬
	৩। প্রধান বয়লার পরিদর্শকগণের কার্যকালের বিবরণ	৭
	৪। কর্মকর্তাদের পরিচিতি	৭
	৫। কর্মকর্তাদের কর্মস্থলের বিবরণ	৮
	৬। জনবলের বিবরণ	৯
তৃতীয় অধ্যায়	কার্যক্রমের তথ্যাদি	১০
	১। কার্যপদ্ধতি	১০
	২। কর্ম প্রতিবেদন	১৩
চতুর্থ অধ্যায়	নাগরিক অধিকারের তথ্যাবলি	১৪
	১। সিটিজেন চার্টার	১৪
	২। করণীয়সমূহ	২৪
	৩। ফরমসমূহ	২৫
	৪। ফিস সমূহ	৩৫



অধ্যায়	বিষয়	পৃষ্ঠা নম্বর
পঞ্চম অধ্যায়	আর্থিক তথ্য : আয় - ব্যয়	৩৭
ষষ্ঠ অধ্যায়	বিগত পাঁচ বছরে দপ্তরের কার্যাবলী	৩৮
	১। বয়লার নিবন্ধন	৩৮
	২। বয়লার পরিদর্শন ও নবায়ন	৩৮
	৩। স্থানীয়ভাবে বয়লার তৈরি	৩৮
	৪। স্থানীয়ভাবে বয়লার প্রস্তুতকারী প্রতিষ্ঠানের বিবরণ	৩৯
	৫। বয়লার পরিচারকদের পরীক্ষা গ্রহণ	৪০
	৬। ২০১৬-১৭ সনে বয়লার দুর্ঘটনার তথ্য	৪০
সপ্তম অধ্যায়	প্রকাশনার তথ্যাবলী	৪১
অষ্টম অধ্যায়	তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্যাবলী	৪১
	১। তথ্য প্রদানের পদ্ধতি	৪১
	২। তথ্য প্রদানকারী কর্মকর্তার বিবরণ	৪২
	৩। আপিল কর্তৃপক্ষের বিস্তারিত বিবরণ	৪২
	যে সমস্ত তথ্য প্রদান বাধ্যতামূলক নয়	৪২
	তথ্য প্রাপ্তির স্থান	৩৮
	১। ওয়েব সাইট	৪২
	২। সিটিজেন চার্টার	৪৩
	৩। নোটিশ বোর্ড	৪৩
	৪। অফিসিয়াল কার্যক্রম বিষয়ক ফটোগ্রাফ	৪৪

# প্রথম অধ্যায়

## প্রতিষ্ঠানের পরিচিতি

### ভূমিকা :

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় শিল্প মন্ত্রণালয়ের অধীন একটি কারিগরী দপ্তর। অত্র দপ্তর শিল্প কারখানায় বয়লারের নিরাপদ চালনা নিশ্চিত ও বয়লারের সাথে সংশ্লিষ্ট জান-মালের নিরাপত্তা নিশ্চিত করার মাধ্যমে দেশের শিল্পায়নে উল্লেখযোগ্য অবদান রেখে আসছে।

বয়লার ভিত্তিক শিল্প কারখানায় বয়লার একটি প্রধান যন্ত্র বা প্রাণ স্বরূপ। সাধারণত সকল শিল্প কারখানায় বয়লার ব্যবহার হয়ে থাকে। তন্মধ্যে তাপ-বিদ্যুৎ কেন্দ্র, কেমিক্যাল কোং, সার-কারখানা, কাগজকল, চিনিকল, ঔষধ প্রস্তুত কারখানা, জুট মিল, কটন মিলস, টেক্সটাইল মিল ও গার্মেন্টস ফ্যাক্টরী ইত্যাদি উল্লেখযোগ্য।

সর্বপ্রথম ১৯২৩ সালে বয়লার আইন সমগ্র ভারত উপমহাদেশে প্রচলিত হয়। এরই ধারাবাহিকতায় ১৯২৪ সালে কলকাতায় বয়লার পরিদর্শন দপ্তর স্থাপিত হয়। ১৯৪৭ সালে দেশ বিভাগের পর বয়লার পরিদর্শন দপ্তর পূর্ব পাকিস্তানে স্থানান্তরিত হয়। অতঃপর ১৯৬১ সালে বয়লার পরিদর্শন দপ্তর শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনে কাজ শুরু করে। বর্তমান সময় পর্যন্ত বয়লার পরিদর্শন দপ্তর শিল্প মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত হচ্ছে। অত্র দপ্তর বয়লারের নিরাপদ চালনা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নলিখিত আইন ও বিধিসমূহ অনুযায়ী বয়লার পরিদর্শন, রেজিস্ট্রেশন এবং বয়লার পরিচারকদের পরীক্ষা গ্রহণপূর্বক সনদপত্র প্রদান করে থাকে।

### ১। আইন ও বিধিমালাসমূহ :

- (১) বয়লার আইন-১৯২৩ (সংশোধিত ১৯৯০)
- (২) বয়লার রেগুলেশন-১৯৫১ (সংশোধিত ২০০৭)
- (৩) বয়লার এটেনডেন্ট রুলস-১৯৫৩ (সংশোধিত ১৯৮৬)
- (৪) বয়লার রুলস-১৯৬১

### ২। প্রতিষ্ঠানের কার্যক্রম :

উল্লেখিত আইন ও বিধিমালা অনুযায়ী প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের প্রধান কার্যাবলী নিম্নে প্রদান করা হলো :

- (১) বয়লার ড্রইং, ডিজাইন ও বয়লার স্থাপনের পদ্ধতি পরীক্ষা নিরীক্ষাপূর্বক রেজিস্ট্রেশন প্রদান;
- (২) বার্ষিক ভিত্তিতে বয়লার পরিদর্শনপূর্বক সনদপত্র প্রদান;
- (৩) বয়লার পরিচারকদের পরীক্ষা গ্রহণপূর্বক কৃতকার্য প্রার্থীদের বয়লার পরিচারক সনদপত্র প্রদান এবং
- (৪) স্থানীয়ভাবে তৈরী বয়লারের বিভিন্ন ধাপ পরিদর্শনপূর্বক সনদ প্রদান।

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের অন্যান্য কার্যাবলী :

- (১) প্রশাসনিক মন্ত্রণালয়কে শিল্প কারখানা ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহে বিদ্যমান বয়লার সংক্রান্ত আইন ও বিধিবিধান বিষয়ে পরামর্শ প্রদান করা।
- (২) বয়লার ব্যবহারকারী বা স্বত্বাধিকারীদের বয়লারের কারিগরি নক্সা, ডিজাইন পরীক্ষণ ও সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণের পরামর্শ ও সংশ্লিষ্ট বিষয়ে অনুমোদন প্রদান করা।
- (৩) বয়লারের ব্যবহৃত পানি বিশুদ্ধকরণ ও বয়লার স্কেলমুক্ত রাখা সম্বন্ধে প্রয়োজনীয় উপদেশ প্রদান করা এবং সরকারী নিয়মমত ব্যবস্থা গ্রহণ না করলে আইনগত ব্যবস্থা নেওয়া।
- (৪) দুর্ঘটনামুক্ত রাখার জন্য বয়লারের কার্যকরী বাষ্প চাপ নির্ধারণ করা।
- (৫) বয়লার আমদানীর পূর্বে ডিজাইন, নক্সা, কারিগরী স্পেসিফিকেশন, বৃত্তান্ত, যথাযথ কর্তৃপক্ষের সার্টিফিকেট ইত্যাদি পরীক্ষা নিরীক্ষা পূর্বক ছাড়পত্র প্রদান করা।
- (৬) স্থাপিত বয়লার পরিদর্শনপূর্বক ব্যবহারকারীদেরকে তাহাদের করণীয় বিষয়সমূহ সম্পর্কে পরামর্শ প্রদান ও রেজিস্ট্রেশন প্রদান।
- (৭) বাৎসরিক ভিত্তিতে বয়লার খোলা ও পূর্ণাঙ্গ পরিদর্শন/জলীয় চাপ পরীক্ষণের মাধ্যমে বয়লারের তথ্য কারখানার নিরাপত্তা নিশ্চিতকরণ এবং প্রয়োজনে মেরামত সংক্রান্ত নির্দেশনা প্রদান।
- (৮) চালু বয়লারের স্টীম টেস্টকরণ।
- (৯) অনির্দিষ্ট বয়লার সনাক্তকরণ ও প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা। কোন দুর্ঘটনা ঘটলে উহার কারন অনুসন্ধান ও প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ।
- (১০) বয়লার রেজিস্ট্রেশন, পরিদর্শন, ড্রইং পরীক্ষণ বাবদ নির্ধারিত ফিস ট্রেজারী চালানোর মাধ্যমে আদায়করণ।
- (১১) বয়লার পরিচারকদের পরীক্ষার নির্ধারিত ফিস ট্রেজারী চালানোর মাধ্যমে আদায়করণ।
- (১২) বয়লার পরিচারক বিধিমালা মোতাবেক বয়লার পরিচারকদের পরীক্ষা গ্রহণ ও কৃতকার্যদের সনদপত্র প্রদান।
- (১৩) আপডেটেড টেকনিক্যাল স্ট্যান্ডার্ড অনুযায়ী বয়লারের ডিজাইন, কন্সট্রাকশন, টেস্টিং এবং পরিদর্শন বিধিমালা তৈরী করার বিষয়ে বয়লার বোর্ডের কার্যক্রম চালু রাখা এবং এর জন্য প্রশাসনিক মন্ত্রণালয়কে প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ প্রদান।
- (১৪) বয়লার প্রস্তুতকালীন সময়ে পরিদর্শনকারী কর্তৃপক্ষ হিসেবে কাজ করা এবং বয়লারের প্রস্তুতকালীন সময়ে কারিগরি সহায়তা প্রদানপূর্বক সনদপত্র প্রদান করা।

## দ্বিতীয় অধ্যায়

### প্রতিষ্ঠানের বর্ণনা

সর্বপ্রথম ১৯২৩ সালে বয়লার আইন সমগ্র ভারত উপমহাদেশে প্রচলিত হয়। এরই ধারাবাহিকতায় ১৯২৪ সালে কলকাতায় বয়লার পরিদর্শন দপ্তর স্থাপিত হয়। ১৯৪৭ সালে দেশ বিভাগের পর বয়লার পরিদর্শন দপ্তর পূর্ব পাকিস্তানে স্থানান্তরিত হয়। অতঃপর ১৯৬১ সালে বয়লার পরিদর্শন দপ্তর শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনে কাজ শুরু করে। বর্তমান সময় পর্যন্ত বয়লার পরিদর্শন দপ্তর শিল্প মন্ত্রণালয়ের অধীনে পরিচালিত হচ্ছে।

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের বিভিন্ন সময়ে অফিস ঠিকানা নিম্নে প্রদান করা হলো :

ক্রমিক নং	প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের ঠিকানা	সময়কাল
১.	২০, সেগুন বাগিচা, ঢাকা	০৪/০৬/১৯৫৭খ্রি. থেকে ৩১/১২/১৯৭৭খ্রি.
২.	৭৫, নয়া পল্টন, ঢাকা	০১/০১/১৯৭৮খ্রি. থেকে ৩১/১২/২০০৪খ্রি.
৩.	৯১, মতিঝিল বা/এ, ঢাকা	০১/০১/২০০৫ খ্রি. থেকে অদ্যাবধি

#### ১। আঞ্চলিক অফিসসমূহের ঠিকানা :

শুরু থেকে প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় একটি মাত্র দপ্তর থেকে সারাদেশে সেবা প্রদান করে আসছে। জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছানোর লক্ষ্যে মে, ২০১২ সালে ৩টি আঞ্চলিক অফিস স্থাপন করা হয়। আঞ্চলিক অফিসসমূহের ঠিকানা নিম্নে প্রদান করা হলোঃ

ক্রমিক নং	উপ-প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের ঠিকানা	সময়কাল
১.	উপ-প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় ঢাকা অঞ্চল ৯১, মতিঝিল বা/এ, ঢাকা	মে, ২০১২ হতে অদ্যাবধি
২.	উপ-প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় চট্টগ্রাম অঞ্চল হাউজ # ০৩(৪র্থ তলা), রোড # ০১, প্রশান্তি আ/এ, ফিরোজশাহ, আকবরশাহ, চট্টগ্রাম।	মে, ২০১২ হতে অদ্যাবধি
৩.	উপ-প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় রাজশাহী অঞ্চল ২২৯, কাজীহাটা, থানা- রাজপাড়া, জেলা- রাজশাহী।	মে, ২০১২ হতে অদ্যাবধি

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়  
ঢাকা (৩০)

অফিস সরঞ্জাম ও যানবাহনের বিবরণ

ক্রমিক নং	বিবরণ	অনুমোদিত
১।	গাড়ী জীপ/কার	১
২।	পিকআপ	২
৩।	আলট্রাসনিক ফ্লু-ডিটেকটর	১
৪।	আলট্রাসনিক থিকনেস গেজ	২
৫।	কম্পিউটারসহ প্রিন্টার	৫
৬।	ফটোকপি মেশিন	২
৭।	ডুপ্লিকেটিং মেশিন	১
৮।	টাইপ রাইটার মেশিন (বাংলা)	৩
৯।	টাইপ রাইটার মেশিন (ইংরেজি)	১
১০।	ফ্যাক্স মেশিন	১

জনবল-০৬

১জন × প্রধান বয়লার পরিদর্শক (বেতন স্কেল টাকা: ২২২৫০-৩১২৫০/-)	১জন × অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক (বেতন স্কেল টাকা: ৪৭০০-৯৭৪৫/-)
১জন × বয়লার পরিদর্শক (বেতন স্কেল টাকা: ১১০০০-২০৩৭০/-)	১জন × ড্রাইভার (বেতন স্কেল টাকা: ৪৭০০-৯৭৪৫/-)
১জন × সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (বেতন স্কেল টাকা: ৫২০০-১১২৩৫/-)	১জন × অফিস সহায়ক (বেতন স্কেল টাকা: ৪১০০-৭৭৪০/-)

উপ-প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়  
চট্টগ্রাম (০৮)

জনবল-০৮

- ১জন × উপ-প্রধান বয়লার পরিদর্শক  
(বেতন স্কেল টাকা: ১৮৫০০-২৯৭০০/-)
- ২জন × বয়লার পরিদর্শক  
(বেতন স্কেল টাকা: ১১০০০-২০৩৭০/-)
- ১জন × অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক  
(বেতন স্কেল টাকা: ৪৭০০-৯৭৪৫/-)
- ১জন × বয়লার টেকনিশিয়ান  
(বেতন স্কেল টাকা: ৪৭০০-৯৭৪৫/-)
- ১জন × ড্রাইভার  
(Out Sourcing)
- ১জন × নিরাপত্তা প্রহরী  
(Out Sourcing)
- ১জন × অফিস সহায়ক  
(বেতন স্কেল টাকা: ৪১০০-৭৭৪০/-)

উপ-প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়  
ঢাকা (১০)

জনবল-১০

- ১জন × উপ-প্রধান বয়লার পরিদর্শক  
(বেতন স্কেল টাকা: ১৮৫০০-২৯৭০০/-)
- ২জন × বয়লার পরিদর্শক  
(বেতন স্কেল টাকা: ১১০০০-২০৩৭০/-)
- ১জন × উচ্চমান সহকারী  
(বেতন স্কেল টাকা: ৫২০০০-১১২৩৫/-)
- ১জন × অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক  
(বেতন স্কেল টাকা: ৪৭০০-৯৭৪৫/-)
- ১জন × বয়লার টেকনিশিয়ান  
(বেতন স্কেল টাকা: ৪৭০০-৯৭৪৫/-)
- ১জন × ড্রাইভার  
(Out Sourcing)
- ১জন × নিরাপত্তা প্রহরী  
(Out Sourcing)
- ১জন × অফিস সহায়ক  
(বেতন স্কেল টাকা: ৪১০০-৭৭৪০/-)
- ১জন × পরিচ্ছন্নতা কর্মী  
(Out Sourcing)

উপ-প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়  
রাজশাহী (০৬)

জনবল-০৬

- ১জন × উপ-প্রধান বয়লার পরিদর্শক  
(বেতন স্কেল টাকা: ১৮৫০০-২৯৭০০/-)
- ১জন × বয়লার পরিদর্শক  
(বেতন স্কেল টাকা: ১১০০০-২০৩৭০/-)
- ১জন × অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক  
(বেতন স্কেল টাকা: ৪৭০০-৯৭৪৫/-)
- ১জন × বয়লার টেকনিশিয়ান  
(বেতন স্কেল টাকা: ৪৭০০-৯৭৪৫/-)
- ১জন × ড্রাইভার  
(Out Sourcing)
- ১জন × অফিস সহায়ক  
(বেতন স্কেল টাকা: ৪১০০-৭৭৪০/-)

৩। প্রধান বয়লার পরিদর্শকগণের কার্যকালের বিবরণ :

ক্রমিক নং	নাম	মেয়াদকাল	
		হইতে	পর্যন্ত
১.	জনাব ম. আমিন উদ্দীন	০৪/০৬/১৯৫৭	৩০/০৯/১৯৭৭
২.	জনাব এম.এ মালেক	০১/১০/১৯৭৭	৩০/০৬/১৯৮২
৩.	জনাব এম এইচ খান (ভারপ্রাপ্ত)	০১/০৭/১৯৮২	০৯/০৪/১৯৮৩
৪.	জনাব ম. আবদুল্লাহ	১০/০৪/১৯৮৩	০২/১০/১৯৯০
৫.	জনাব মোঃ মা. ই. ভূঁইয়া (ভারপ্রাপ্ত)	০২/১০/১৯৯০	৩১/১২/১৯৯১
৬.	জনাব ম. আবদুল্লাহ	০১/০১/১৯৯২	০৭/০৯/২০০০
৭.	জনাব মোঃ মা. ই. ভূঁইয়া (ভারপ্রাপ্ত)	০৮/০৯/২০০০	১৫/০৩/২০০২
৮.	জনাব মোঃ বাকীবিলাহ (অঃ দাঃ)	১৬/০৩/২০০২	০৬/০৯/২০০৩
৯.	জনাব ম. আবদুল্লাহ	০৭/০৯/২০০৩	৩০/০৯/২০০৭
১০.	জনাব মোঃ বাকীবিলাহ (চলতি দায়িত্ব)	০৮/১০/২০০৭	১৪/১১/২০১০
১১.	জনাব মোঃ বাকীবিলাহ	১৫/১১/২০১০	০৭/০৬/২০১৩
১২.	জনাব মোঃ জুলফিকার আলী হায়দারী (অঃ দাঃ)	১৩/০৬/২০১৩	৩১/০৫/২০১৫
১৩.	জনাব মোহাম্মদ আব্দুল মান্নান	০১/০৬/২০১৫	অদ্যাবধি

৪। বর্তমানে কর্মরত কর্মকর্তাদের পরিচিতি :

নাম	পদবী	নিজ জেলা	বর্তমান পদে যোগদানের তারিখ	অত্র প্রতিষ্ঠানে যোগদানের তারিখ
জনাব মোহাম্মদ আব্দুল মান্নান	প্রধান বয়লার পরিদর্শক	রাজবাড়ী	০১/০৬/২০১৫ খ্রি.	১৯/১২/২০০৪ খ্রি.
জনাব মোহাঃ জিয়াউল হক	উপ-প্রধান বয়লার পরিদর্শক	চুয়াডাঙ্গা	০৬/০৭/২০১৪ খ্রি.	২০/১২/২০০৪ খ্রি.
জনাব মুহাম্মদ দিদারুল ইসলাম	উপ-প্রধান বয়লার পরিদর্শক	চট্টগ্রাম	০৪/১২/২০১৩ খ্রি.	১৮/১২/২০০৪ খ্রি.
জনাব মোঃ শরাফত আলী	বয়লার পরিদর্শক	জামালপুর	১১/০৪/২০১২খ্রি.	১১/০৪/২০১২খ্রি.
জনাব মোঃ হুমায়ুন কবীর	বয়লার পরিদর্শক	সাতক্ষীরা	২০/০২/২০১৪খ্রি.	২০/০২/২০১৪খ্রি.
জনাব নুরে মোহাম্মদ সরকার	বয়লার পরিদর্শক	ব্রাহ্মণবাড়িয়া	৩০/০৬/২০১৬খ্রি.	৩০/০৬/২০১৬খ্রি.
জনাব মোঃ হানিফ হোসেন	বয়লার পরিদর্শক	চাঁদপুর	১০/১১/২০১৬খ্রি.	১০/১১/২০১৬খ্রি.
জনাব প্রনব কুমার সরকার	বয়লার পরিদর্শক	ময়মনসিংহ	১৩/১১/২০১৬খ্রি.	১৩/১১/২০১৬খ্রি.

৫। কর্মকর্তাদের কর্মস্থলের বিবরণ :

নাম ও পদবী	যোগাযোগ	ঠিকানা
প্রকৌঃ মোহাম্মদ আব্দুল মান্নান প্রধান বয়লার পরিদর্শক	ফোন : ০২-৯৫৬৭৩৫৩ মোবাইল : ০১৭১৪-০২৬৬৬৮ ইমেইল : infoboiler@yahoo.com	প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় ৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।
প্রকৌঃ মোহাঃ জিয়াউল হক উপ-প্রধান বয়লার পরিদর্শক	মোবাইল : ০১৭১১-২২২১৯৩ ইমেইল : infoboiler.dhk@gmail.com	উপ-প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় ৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।
প্রকৌঃ মুহাম্মদ দিদারুল ইসলাম উপ-প্রধান বয়লার পরিদর্শক	মোবাইল : ০১৭১১-৪৬৫৭৪৬ ইমেইল : mdidar1974@gmail.com	উপ-প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় হাউজ # ০৩ (৪র্থ তলা), রোড # ০১, প্রশান্তি আ/এ, ফিরোজশাহ, আকবরশাহ, চট্টগ্রাম।
প্রকৌঃ মোঃ শরাফত আলী বয়লার পরিদর্শক	মোবাইল : ০১৭১১-৭৩৬৬৪৪ ইমেইল : bdsharafat@yahoo.com	প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় ৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।
প্রকৌঃ মোঃ হুমায়ুন কবীর বয়লার পরিদর্শক	মোবাইল : ০১৭১২-২১৭০৮০ ইমেইল : bdhumayun14@yahoo.com	উপপ্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় ২২৯, কাজীহাটা, থানাঃ রাজপাড়া, জেলাঃ রাজশাহী।
প্রকৌঃ নুরে মোহাম্মদ সরকার বয়লার পরিদর্শক	মোবাইল : ০১৯১৪-৬৮২৪৯৭ ইমেইল : bdengrnoor@gmail.com	উপপ্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় ৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।
প্রকৌঃ মোঃ হানিফ হোসেন বয়লার পরিদর্শক	মোবাইল : ০১৬৩২৩৬৯৫০৭ ইমেইল : bidhaka3@boiler.gov.bd	উপপ্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় ৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।
প্রকৌঃ প্রনব কুমার সরকার বয়লার পরিদর্শক	মোবাইল : ০১৭২৩৫৫৮১১৯ ইমেইল: engrpranab.04ruet@yahoo.com	উপ-প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, হাউজ # ০৩ (৪র্থ তলা), রোড # ০১, প্রশান্তি আ/এ, ফিরোজশাহ, আকবরশাহ, চট্টগ্রাম।

৬। প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে অনুমোদিত, বিদ্যমান ও শূন্যপদের বিবরণঃ

অনুমোদিত জনবল				
১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি	৪র্থ শ্রেণি	মোট
১০	-	৯	১১	৩০

কর্মরত জনবল				
১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি	৪র্থ শ্রেণি	মোট
৮	-	৫	১০	২৪

শূন্যপদের বিবরণ				
১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি	৪র্থ শ্রেণি	মোট
২	-	৩	১	৬



## তৃতীয় অধ্যায়

### কার্যক্রমের তথ্যাদি

#### ১। কার্যপদ্ধতি :

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় বয়লার আইন ও বিধিমালাসমূহ অনুসরণ করে বয়লার ড্রইং, ডিজাইন ও বয়লার স্থাপনের পদ্ধতি পরীক্ষা নিরীক্ষাপূর্বক রেজিস্ট্রেশন প্রদান করে থাকে। এছাড়া বার্ষিক ভিত্তিতে বয়লার পরিদর্শনপূর্বক সনদপত্র প্রদানসহ বয়লার পরিচারকদের পরীক্ষা গ্রহণপূর্বক কৃতকার্য প্রার্থীদের বয়লার পরিচারক সনদপত্র প্রদান করে থাকে। অত্র দপ্তর স্থানীয়ভাবে তৈরী বয়লারের বিভিন্ন ধাপ পরিদর্শনপূর্বক সনদ প্রদান করে।

#### বয়লার নিবন্ধন :

একটি বয়লার সরকারী রেজিস্ট্রেশনের জন্য প্রবিধি অনুযায়ী আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজ পত্রগুলি দাখিল করতে হয় :

- (১) ক্রস সেকশনাল কনস্ট্রাকশন ড্রইং (স্কেল সহ) ৩ কপি।  
(Cross Sectional Construction Drawing with scale 3 copies)
- (২) হিটিং সারফেসের হিসাব ----- ৩ কপি।  
(Calculation of Heating Surface 3 copies)
- (৩) বয়লারের চাপমান অংশসমূহের শক্তির হিসাব ----- ৩ কপি।  
(Calculation of Strength of Pressure Parts 3 copies)
- (৪) পরিদর্শন কর্তৃপক্ষের নিকট হইতে বয়লার প্রস্তুতকালীন সময়ের পরিদর্শন সার্টিফিকেট।  
(Inspection Authority's Certificate of Inspection during Construction)
- (৫) প্রস্তুতকারীর নিকট হইতে বয়লার তৈরী ও পরীক্ষার সার্টিফিকেট।  
(Constructor's Certificate of Manufacture & Test)
- (৬) ইস্পাত প্রস্তুতকারীর নিকট হইতে ইস্পাত তৈরী ও পরীক্ষার সার্টিফিকেট।  
(Steel Maker's Certificate of Manufacture & Results of Tests)
- (৭) স্টীম পাইপ সার্টিফিকেট(৩" অভ্যন্তরীণ ব্যাসের উপরে পাইপের জন্য)  
(Steam pipe Certificate for pipes over 3" I/D)
- (৮) প্রস্তুতকারীর স্ট্যাম্প।  
(Maker's Stamp)
- (৯) চালনা ও সংরক্ষণ ম্যানুয়েল।  
(Operation & Maintenance Manual)
- (১০) বয়লার পরিচারকের সনদপত্র।  
(Boiler operator Certificate)

- বিঃ দ্রঃ
- (১) লেটার হেড প্যাডে আবেদন করতে হবে। আবেদনে মালিক অথবা ক্ষমতাপ্রাপ্ত দায়িত্বশীল কর্মকর্তার নাম, পদবী ও স্বাক্ষর থাকতে হবে।
  - (২) ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
  - (৩) বয়লারের ড্রইংয়ে মালিক অথবা ক্ষমতাপ্রাপ্ত দায়িত্বশীল কর্মকর্তার অনুস্বাক্ষর থাকতে হবে।
  - (৪) বয়লার আমদানির এলসি, ইনভয়েস ও বিল অব লেডিং এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

### বয়লারের মালিকানা পরিবর্তন :

বয়লারের মালিকানা পরিবর্তনের জন্য বিধি অনুযায়ী আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রগুলি দাখিল করতে হয় :

- (১) যে প্রতিষ্ঠানে বয়লারটি ব্যবহৃত হবে তার লেটার হেড প্যাডে আবেদন ।
- (২) আবেদনে মালিক বা স্বত্ত্বাধিকারীর নাম, পদবী ও স্বাক্ষর থাকতে হবে ।
- (৩) ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে ।
- (৪) ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প বয়লারের ক্রয় বিক্রয় চুক্তিনামা/ অনাপত্তিপত্র ।
- (৫) জয়েন্ট স্টক কোম্পানী সনদ ও Article of Memorandum (প্রযোজ্য ক্ষেত্রে) ।
- (৬) বয়লার রেজিস্ট্রেশনপত্র ও নবায়ন সনদের কপি ।

### বয়লার সনদ নবায়ন :

- (ক) মেয়াদ উত্তীর্ণের পূর্বে ট্রেজারী চালানোর মাধ্যমে নির্ধারিত কোডে (১-৩৯৩১-০০০০-২০১৫) প্রয়োজনীয় ফি প্রদান পূর্বক চালানোর মূল কপি দাখিল ।
- (খ) নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে দাখিল ।
- (গ) সংশ্লিষ্ট বয়লার পরিদর্শক কর্তৃক ধার্যকৃত দিনে পরিদর্শনের সহায়তা প্রদান ।

পরিদর্শন ও পরীক্ষণে সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে নবায়ন সনদ প্রদান করা হয় ।

### বয়লার পরিচারকদের সনদ প্রদান :

**দ্বিতীয় শ্রেণী :** দ্বিতীয় শ্রেণীর বয়লার পরিচারক যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ইচ্ছুক প্রার্থীদেরকে নিম্নলিখিত যোগ্যতা থাকতে হয় :

- (ক) প্রার্থীর বয়স ন্যূনতম ২১ (একুশ) বৎসর হইতে হইবে ।
- (খ) প্রার্থীকে ন্যূনতম ৩ (তিন) বৎসরের সহকারী বয়লার অপারেটর হিসাবে কাজ করার অভিজ্ঞতা থাকিতে হইবে ।
- (গ) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে ।

### প্রার্থীকে ফরমের সহিত নিম্নলিখিত কাগজপত্র দাখিল করিতে হইবে :

- (১) বয়লারের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক অভিজ্ঞতা সনদপত্রের ২(দুই) কপি অনুলিপি ।
- (২) বয়স প্রমানের সনদপত্র হিসাবে এসএসসি পাশের সনদপত্র (যদি থাকে)/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ।
- (৩) নাগরিকত্ব ও চরিত্রগত সনদপত্র ।
- (৪) সাম্প্রতিক কালের তোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি ছবি ।
- (৫) ৫০০/- (পাঁচশত টাকা ) মূল্যমানের ব্যাংকে জমাকৃত চালানোর মূল কপি ।  
(ব্যাংকে চালান জমা দেওয়ার খাত নং-১-৩৯৩১-০০০০-২০৩১)

**প্রথম শ্রেণী :** প্রথম শ্রেণীর বয়লার পরিচারক যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ইচ্ছুক প্রার্থীদেরকে নিম্নলিখিত যোগ্যতা থাকতে হয় :

- (ক) প্রার্থীর বয়স ন্যূনতম ২৩ (তেইশ) বৎসর হইতে হইবে ।
- (খ) প্রার্থীকে ন্যূনতম ২ (দুই) বৎসরের দ্বিতীয় শ্রেণীর বয়লার পরিচারক হিসাবে অভিজ্ঞতা থাকিতে হইবে ।
- (গ) বাংলাদেশের নাগরিক হইতে হইবে ।

**প্রার্থীকে ফরমের সহিত নিম্নলিখিত কাগজপত্র দাখিল করিতে হইবে :**

- (১) দ্বিতীয় শ্রেণীর বয়লার পরিচারক সার্টিফিকেট এর ফটো কপি ।
- (২) বয়লারের রেজিস্ট্রেশন নম্বর উলেখপূর্বক অভিজ্ঞতা সনদপত্রের ২(দুই) কপি অনুলিপি ।
- (৩) বয়স প্রমানের সনদপত্র হিসাবে এসএসসি পাশের সনদপত্র (যদি থাকে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি) ।
- (৪) নাগরিকত্ব ও চরিত্রগত সনদপত্র ।
- (৫) সাম্প্রতিক কালের তোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি ছবি ।
- (৬) ৮০০/- (আটশত টাকা ) ব্যাংকে জমাকৃত চালানের মূল কপি ।  
(ব্যাংকে চালান জমা দেওয়ার খাত নং-১-৩৯৩১-০০০০-২০৩১)

**বয়লার নির্মাণ :**

- (ক) বয়লার নির্মাণের জন্য নির্ধারিত কোডে (১-৩৯৩১-০০০০-২০১৫) প্রয়োজনীয় ফি ও প্রয়োজনীয় কাগজপত্র দাখিল পূর্বক ড্রইং, ডিজাইন অনুমোদন গ্রহণ ।
- (খ) বিধি মোতাবেক বয়লার নির্মাণের বিভিন্ন ধাপ পরিদর্শন ।
- (গ) বয়লারের এক্স-রে ও আল্ট্রাসনিক টেস্ট এর মাধ্যমে এনডিটি পরীক্ষণ ।
- (ঘ) বিধি মোতাবেক বয়লারের জলীয় পরীক্ষাকরণ ।

পরিদর্শন ও পরীক্ষণে সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে বয়লার নির্মাণ সনদ প্রদান করা হয় ।

২। কর্ম প্রতিবেদন :

অত্র দপ্তরের বিগত ৫ বছরের কার্যক্রমের বিবরণ :

অর্থ বছর	বয়লার পরিদর্শন ও চালানো অনুমতি প্রদানের সংখ্যা	নতুন বয়লার রেজিস্ট্রেশন প্রদান	স্থানীয়ভাবে তৈরী বয়লার পরিদর্শনপূর্বক সার্টিফিকেট প্রদান	বয়লার পরিচারকদের পরীক্ষা গ্রহণের সংখ্যা
২০১২-১৩	৩৬৬৮ টি	৩২৮ টি	১২৪ টি	৮৩৪ জন
২০১৩-১৪	৩৯৫৪ টি	৩৩৭ টি	১১৬ টি	৪০৯ জন
২০১৪-১৫	৪৪৫০ টি	৪১৫ টি	১৮১ টি	১২৩৩ জন
২০১৫-১৬	৫০৩৫ টি	৫৭৮ টি	২৬৩ টি	৯৯৭ জন
২০১৬-১৭	৫০৩৯ টি	৬৯৭ টি	৩২৩ টি	১০৪১ জন

## চতুর্থ অধ্যায়

### সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)

#### ১. ভিশন ও মিশন

ভিশন: সারাদেশে নিরাপদ বয়লার ব্যবহার।

মিশন: বিধি মোতাবেক পরিদর্শন ও পরীক্ষন এবং নির্ধারিত ব্যক্তি কর্তৃক বয়লার পরিচারণার মাধ্যমে মানসম্মত বয়লার ব্যবহারপূর্বক নিরাপত্তা নিশ্চিতকরণ।

#### ২. প্রতিশ্রুত সেবাসমূহ ২.১ নাগরিক সেবা

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	বিদেশ হতে বয়লার আমদানির ছাড়পত্র প্রদান	১. আবেদনকারীর নিকট হতে আবেদন গ্রহণ; ২. আবেদন যাচাই-বাছাইকরণ; ৩. কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ; ৪. ছাড়পত্র ডাকযোগে/ই-মেইলে আবেদনকারীর নিকট প্রেরণ।	১। ক্রস সেকশনাল কনস্ট্রাকশন ড্রইং ২। হিটিং সারফেস হিসাব ৩। বয়লাররের চাপমান অংশসমূহের শক্তির হিসাব ৪। পরিদর্শন কর্তৃপক্ষের নিকট হতে বয়লার প্রস্তুতকালীন সময়ের পরিদর্শন সার্টিফিকেট ৫। প্রস্তুতকারীর নিকট হতে বয়লার তৈরী ও পরীক্ষার সার্টিফিকেট ৬। ইস্পাত প্রস্তুতকারীর নিকট হতে ইস্পাত তৈরী ও পরীক্ষার হিসাব ৭। প্রস্তুতকারী স্ট্যাম্প ৮। চালনা ও সংরক্ষণ ম্যানুয়েল	হিটিং সারফেস অনুসারে নির্ধারিত সর্বনিম্ন ২৫০০/- হতে সর্বোচ্চ ৯০০০/- টাকা “১-৩৯৩১-০০০০-২০১৫” কোডে ফি প্রদান করে ট্রেজারী চালানোর মূল কপি দাখিল	ফি প্রাপ্তির পর ১০ দিন	মোহাম্মদ আব্দুল মান্নান প্রধান বয়লার পরিদর্শক ০১৭১৪-০২৬৬৬৮ <a href="mailto:infoboiler@yahoo.com">infoboiler@yahoo.com</a>

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল)
২	স্থানীয়ভাবে তৈরি বয়লারের সনদপত্র প্রদান	১. আবেদনকারীর নিকট হতে আবেদন গ্রহণ; ২. আবেদন যাচাই-বাছাইকরণ; ৩. কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ; ৪. সনদপত্র ডাকযোগে/ই-মেইলে আবেদনকারীর নিকট প্রেরণ	১। ক্রস সেকশনাল কনস্ট্রাকশন ড্রইং ২। হিটিং সারফেস হিসাব ৩। বয়লারের চাপমান অংশসমূহের শক্তির হিসাব ৪। ইস্পাত প্রস্তুতকারীর নিকট হতে ইস্পাত তৈরি ও পরীক্ষার হিসাব	হিটিং সারফেস অনুসারে ৪ ধাপে “১-৩৯৩১-০০০০-২০১৫” কোডে ফি প্রদান করে ট্রেজারী চালানোর মূল কপি দাখিল	প্রস্তুতকারী প্রতিষ্ঠানের কার্যসম্পাদনের উপর নির্ভরশীল	১। মোহাম্মদ আব্দুল মান্নান প্রধান বয়লার পরিদর্শক ০১৭১৪-০২৬৬৬৮ infoboiler@yahoo.com ২। মোহা: জিয়াউল হক উপ-প্রধান বয়লার পরিদর্শক ০১৭১১-২২২১৯৩ infoboiler.ctg@gmail.com ৩। মোঃ শরাফত আলী বয়লার পরিদর্শক ০১৭১১-৭৩৬৬৪৪ bdsharafat@yahoo.com
৩	বয়লার রেজিস্ট্রেশন প্রদান	১. আবেদনকারীর নিকট হতে আবেদন গ্রহণ; ২. আবেদন যাচাই-বাছাইকরণ; ৩. কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ; ৪. সনদপত্র ডাকযোগে/ই-মেইলে আবেদনকারীর নিকট প্রেরণ।	১। ক্রস সেকশনাল কনস্ট্রাকশন ড্রইং ২। হিটিং সারফেস হিসাব ৩। বয়লারের চাপমান অংশসমূহের শক্তির হিসাব ৪। পরিদর্শন কর্তৃপক্ষের নিকট হতে বয়লার প্রস্তুতকারী সময়ের পরিদর্শন সার্টিফিকেট ৫। প্রস্তুতকারীর নিকট হতে বয়লার তৈরী ও পরীক্ষার সার্টিফিকেট ৬। ইস্পাত প্রস্তুতকারীর নিকট হতে ইস্পাত তৈরি ও পরীক্ষার হিসাব ৭। স্টিম পাইপ সার্টিফিকেট ৮। প্রস্তুতকারী স্ট্যাম্প	হিটিং সারফেস অনুসারে নির্ধারিত সর্বনিম্ন ৭৫০০/- হতে সর্বোচ্চ ২৭,০০০/- টাকা “১-৩৯৩১-০০০০-২০১৫” কোডে ফি প্রদান করে ট্রেজারী চালানোর মূল কপি দাখিল	ট্রেজারী চালানোর মূল কপি দাখিলের পর হতে ৩০ দিন	১। মোহাম্মদ আব্দুল মান্নান প্রধান বয়লার পরিদর্শক ০১৭১৪-০২৬৬৬৮ infoboiler@yahoo.com ২। মোহা: জিয়াউল হক উপ-প্রধান বয়লার পরিদর্শক ০১৭১১-২২২১৯৩ infoboiler.ctg@gmail.com ৩। মুহাম্মদ দিদারুল ইসলাম উপ-প্রধান বয়লার পরিদর্শক, ০১৭১১-৪৬৫৭৪৬। mdidar_74@yahoo.com

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল)
			৯। চালনা ও সংরক্ষণ ম্যানুয়েল			৪। মোঃ শরাফত আলী বয়লার পরিদর্শক ০১৭১১-৭৩৬৬৪৪ bdsharafat@yahoo.com ৫। মোঃ হুমায়ুন কবীর বয়লার পরিদর্শক ০১৭১২-২১৭০৮০ bdhumayun14@yahoo.com
৪	বয়লারের মালিকানা/ ঠিকানা পরিবর্তন	১. আবেদনকারীর নিকট হতে আবেদন গ্রহণ; ২. আবেদন যাচাই-বাছাইকরণ; ৩. কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ; ৪. সনদপত্র ডাকযোগে/ই-মেইলে আবেদনকারীর নিকট প্রেরণ।	১। হালনাগাদ ট্রেড লাইসেন্স ২। হালনাগাদ বয়লার নবায়ন সনদপত্র ৩। বয়লার ক্রয়-বিক্রয় চুক্তিনামা ৪। আর্টিকেল অব মেমোরেন্ডাম (প্রযোজ্য ক্ষেত্রে)	হিটিং সারফেস অনুসারে নির্ধারিত সর্বনিম্ন ২৫০০/- হতে সর্বোচ্চ ৯০০০/- টাকা “১-৩৯৩১-০০০০-২০১৫” কোডে ফি প্রদান করে ট্রেজারী চালানোর মূল কপি দাখিল	ট্রেজারী চালানোর মূল কপি দাখিলের পর হতে ৩০ দিন	

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল)
৫	বয়লার সনদপত্র নবায়ন	<p>১. আবেদনকারীর নিকট হতে আবেদন গ্রহণ;</p> <p>২. আবেদন যাচাই-বাছাইকরণ;</p> <p>৩. কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ;</p> <p>৪. সনদপত্র ডাকযোগে/ই-মেইলে আবেদনকারীর নিকট প্রেরণ।</p>	ট্রেজারী চালানের মূল কপি দাখিল	<p>হিটিং সারফেস অনুসারে নির্ধারিত সর্বনিম্ন ২৫০০/- হতে সর্বোচ্চ ৯০০০/- টাকা “১-৩৯৩১-০০০০-২০১৫” কোডে ফি প্রদান করে ট্রেজারী চালানের মূল কপি দাখিল</p>	ট্রেজারী চালানের মূল কপি দাখিলের পর হতে ৩০ দিন	<p>১। মোহাম্মদ আব্দুল মান্নান প্রধান বয়লার পরিদর্শক ০১৭১৪-০২৬৬৬৮ infoboiler@yahoo.com</p> <p>২। মোহা: জিয়াউল হক উপ-প্রধান বয়লার পরিদর্শক ০১৭১১-২২২১৯৩ infoboiler.ctg@gmail.com</p> <p>৩। মুহাম্মদ দিদারুল ইসলাম উপ-প্রধান বয়লার পরিদর্শক ০১৭১১-৪৬৫৭৪৬। mdidar_74@yahoo.com</p> <p>৪। মোঃ শরাফত আলী বয়লার পরিদর্শক ০১৭১১-৭৩৬৬৪৪ bdsharafat@yahoo.com</p> <p>৫। মোঃ হুমায়ুন কবীর বয়লার পরিদর্শক ০১৭১২-২১৭০৮০ <a href="mailto:bdhumayun14@yahoo.com">bdhumayun14@yahoo.com</a></p> <p>৬। নুরে মোহাম্মদ সরকার বয়লার পরিদর্শক ০১৭৬৪৪০৬২২২ bdengrnoor@gmail.com</p>



ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল)
						<p>৭। মোঃ হানিফ হোসেন বয়লার পরিদর্শক ০১৬৩২৩৬৯৫০৭ bidhaka3@gmail.com</p> <p>৮। প্রণব কুমার সরকার বয়লার পরিদর্শক ০১৭২৩৫৫৮১১৯ engrpranab.04ruet@yahoo.com</p>
৬	বয়লার পরিচারকদের পরীক্ষা গ্রহণপূর্বক সনদপত্র প্রদান	<p>১. আবেদনকারীর নিকট হতে আবেদন গ্রহণ;</p> <p>২. আবেদন যাচাই-বাছাইকরণ;</p> <p>৩. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় কৃতকার্য সাপেক্ষে সনদপত্র প্রদান</p>	<p>১। অভিজ্ঞতা সনদপত্র</p> <p>২। এস.এস.সি সনদপত্র/জন্ম সনদ/ জাতীয় পরিচয় পত্রের ফটোকপি</p> <p>৩। নাগরিকত্ব ও চরিত্রগত সনদপত্রের ফটোকপি</p> <p>৪। সাম্প্রতিককালে তোলা পাসপোর্ট সাইজের ৪ কপি ছবি</p>	<p>প্রথম শ্রেণীর ক্ষেত্রে ৮০০/- টাকা ও দ্বিতীয় শ্রেণীর ক্ষেত্রে ৫০০/- টাকা ট্রেজারী চালান</p>	৬ মাস	<p>১। মোহাম্মদ আব্দুল মান্নান প্রধান বয়লার পরিদর্শক ও সভাপতি বয়লার পরিচারক পরীক্ষক পর্যদ ০১৭১৪-০২৬৬৬৮ infoboiler@yahoo.com</p> <p>২। মোঃ শরাফত আলী বয়লার পরিদর্শক ও সদস্য সচিব, বয়লার পরিচারক পরীক্ষক পর্যদ ০১৭১১-৭৩৬৬৪৪ bdsharafat@yahoo.com</p>

২.২ দাপ্তরিক সেবা

ক্র. নং	সেবার নাম	সেবা প্রদান পদ্ধতি	প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি	সেবা প্রদানের সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
